গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(তথ্য প্রদান ইউনিট)
www.moulvibazar.gov.bd

**তথ্য অধিকার আইনের বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক, মৌলভীবাজার

তারিখ : ০৭/০১/২০২১ খ্রি:;
সময়: দুপুর ১২.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: **" পরিশিষ্ট- ক''**

সভাপতি সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতি ক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় অনুমোদিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:**<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) স্ব-স্ব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর ওয়েব সাইটে আপলোড করে এ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য বিভাগীয় দপ্তর সমূহকে পুন:রায় পত্র দিতে হবে।<br>(গ) উপজেলা পর্যায়ে বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা কমিটির সভাপতিগণকে পত্র দিতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) সহকারী কমিশনার, তথ্য প্রদান ইউনিট<br>(গ) সংশ্লিষ্ট সকল দপ্তর |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয় অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় অনলাইন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য সংগ্রহের বিষয় আলোচিত হয়। | (ক) জেলাধীন দপ্তরসমূহের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য বিভাগীয় দপ্তরসমূহে পুন:রায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) সহকারী কমিশনার, তথ্য প্রদান ইউনিট |
| **০৩. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:**<br>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়।<br>যে সকল অফিস এখনো তাদের ওয়েবসাইটে তথ্য অধিকার সংক্রান্ত বিষয় আপলোড/ হালনাগাদ করেনি তার তালিকা আগামী সভায় উপস্থাপন করার লক্ষ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **০৫. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ :**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২-এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে উল্লেখ থাকায় সকল দপ্তরে গৃহীত | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) সহকারী |

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম, মেয়াদ, উপকারভোগীদের তালিকাসহ তফসিলে উল্লেখিত তথ্যসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অলোচনা করা হয়। | | কমিশনার, তথ্য প্রদান ইউনিট |
| **০৫. তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে তথ্য প্রেরণ:** তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্তির লক্ষ্যে বিভাগীয় পর্যায়ের সকল অফিসের তথ্য অধিকার বিষয়ক সমন্বিত তথ্যাদি ছক মোতাবেক তথ্য কমিশনে প্রেরণের বিষয়ে সভায় অলোচনা করা হয়। | জেলাধীন সকল দপ্তর হতে তথ্য কমিশনের ছক মোতাবেক তথ্যাদি প্রেরণ করতে হবে। বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/ সহকারী কমিশনার, তথ্য প্রদান ইউনিট |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮।১।২১

(মীর নাহিদ আহসান)
জেলা প্রশাসক
মৌলভীবাজার।
☎ ০৮৬১-৬৩২০২

স্মারক নং ০৫.৪৬.৫৮০০.০১৮.০১.০০১.১৮(অংশ-২) ০৬(৫৩)

তারিখ ২৮/০১/২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৪. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার।
৬. অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
৮. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
১০. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।
১১. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার।
১২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৩. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৪. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার।
১৫. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
১৬. সভাপতি, প্রেসক্লাব, মৌলভীবাজার।
১৭. সভাপতি, বার অ্যাসোসিয়েশন, মৌলভীবাজার।
১৮. সভাপতি, চেম্বার অব কমার্স, মৌলভীবাজার।
১৯. জেলা প্রতিনিধি, ব্র্যাক, মৌলভীবাজার।
২০. জেলা প্রতিনিধি, আশা, মৌলভীবাজার।
২১. ডা: আবু মুহিত চৌধুরী, পূর্ব গীর্জা পাড়া, মৌলভীবাজার।